

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৭.২০১৭- ১৭১

তারিখ- ৫/১১/১৭

আদেশ

যেহেতু, জনাব মোঃ মঈন উদ্দিন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, জগন্নাথপুর সুনামগঞ্জ; একই জেলাধীন দিরাই উপজেলায় কর্মকালীন জেলা কার্যালয়ের ০৫-৯-২০১২ খ্রিঃ তারিখের ৩৬৩ সংখ্যক আদেশে জগন্নাথপুর উপজেলায় তাকে বদলী করা হয় এবং উক্ত আদেশে ১০-৯-২০১২ খ্রিঃ তারিখের মধ্যে বদলীকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশনা সত্ত্বেও তা প্রতিপালন না করে দীর্ঘ প্রায় ০১ বছর ০৫ দিন পর গত ১৫-০৯-২০১৩ খ্রিঃ তারিখে জগন্নাথপুর উপজেলায় একটি যোগদানপত্র দাখিল করে পুনরায় ২০-০২-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রায় ০৩ বছর ০৫ মাস ০৬ দিন অননুমোদিত অনুপস্থিত থাকার অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিতে অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে এ অধিদপ্তরের ০৮-৫-২০১৭ খ্রিঃ তারিখের ৮৯ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, তিনি উক্ত মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিতভাবে জবাব দাখিল করেন, তবে ব্যক্তিগত শুনানী না চাওয়ায় তাকে ব্যক্তিগত শুনানী দেয়া যায়নি। এমতাবস্থায়, বিভাগীয় মামলা সুষ্ঠু নিষ্পত্তির স্বার্থে অভিযোগের বিষয়ে বিভাগীয় তদন্ত করানো হয়। বিভাগীয় তদন্তে অভিযোগ প্রমানিত হওয়ায় অভিযুক্ত কর্মচারীকে কেন চাকরিচ্যুত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ দেয়া হয়। তিনি কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার স্থায়ী ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয়। কিন্তু সেখানেও তাকে না পাওয়ায় তার ভগ্নিপতির কাছে নোটিশটি হস্তান্তর করা হয়। অভিযুক্ত কর্মচারি নোটিশের কোন জবাব দাখিল করেননি। স্থায়ী ঠিকানায় তাকে পাওয়া যায়নি এবং কর্তৃপক্ষের সাথে তিনি কোন যোগাযোগ করেননি। এতে প্রতীয়মান হয়, তিনি চাকরি করতে আর আগ্রহী নন।

০৩। (ক) এম্মনে, সেহেতু বিভাগীয় মামলার জবাব, বিভাগীয় তদন্ত প্রতিবেদন, নথি পর্যালোচনা ও সার্বিক বিবেচনায় জনাব মোঃ মঈন উদ্দিন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, জগন্নাথপুর সুনামগঞ্জ-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) অনুযায়ী অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে দোষী সাবস্ত করা হলো এবং একই বিধিমালার ৪(৩)(সি) অনুসারে 'চাকরি হতে অপসারণ'(Removal from Service) দণ্ডে দণ্ডিত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯।
তারিখ- ৫/১১/১৭

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৭.২০১৭- ১৭১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক----- (সংশ্লিষ্ট), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সুনামগঞ্জ।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা/কল্যাণ কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জগন্নাথপুর/দিরাই, সুনামগঞ্জ।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, জগন্নাথপুর, সুনামগঞ্জ-কে পত্রটি বিলিপূর্বক সার্ভিস রিটান অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে নির্দেশ প্রদান করা হলো।
- ০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, তাহেরপুর, সুনামগঞ্জ-কে সংশ্লিষ্ট কর্মচারীর নিম্নোক্ত স্থায়ী ঠিকানায় পত্রটি বিলিপূর্বক সার্ভিস রিটান অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে নির্দেশ প্রদান করা হলো।
- ০৯। জনাব মোঃ মঈন উদ্দিন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, জগন্নাথপুর সুনামগঞ্জ।
- ১০। জনাব মোঃ মঈন উদ্দিন, পিতা- জনাব মোহাম্মদ আব্দুল ওহাব, গ্রাম-নয়াবন্দ, ডাকঘর-শ্রীপুর(উঃ), উপজেলা-তাহেরপুর, জেলা-সুনামগঞ্জ।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯